

“দুনিয়ার মজদুর এক হও”



# বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

## WORKERS PARTY OF BANGLADESH

খুলনা মহানগর কমিটি

১নং ধর্মসভা ক্রস রোড (৩য় তলা), খুলনা।

সেল : ০১৭১১ ২৬৭৭৩৩, ০১৯১১ ৬১০৮৩৩

সূত্র : .....

তারিখ : ০৯-১০-২০২০ খ্রিঃ

### প্রেস বিজ্ঞপ্তি

খালিশপুরে ওয়ার্কার্স পার্টির মানববন্ধনে বজরা  
পিপিপি, লীজ বা বিরোধীকরণ নয়, বন্ধ ২৫টি পাটকল  
রাষ্ট্রখাতে রেখেই চালু করতে হবে

বন্ধ ঘোষিত পাটকলসমূহ রাষ্ট্রীয় খাতে রেখেই, আধুনিকায়ন করে, বর্তমান চাকুরীরত শ্রমিকদের বহাল রেখে চালু ও অনতিবিলম্বে শ্রমিকদের সকল পাওনাদি পরিশোধ এবং খালিশপুর ও দৌলতপুর জুট মিলের দৈনিক ভিত্তিক অস্থায়ী শ্রমিকদের পাওনা পরিশোধের দাবীতে আজ ৯ অক্টোবর শুক্রবার বিকেল ৪:৩০টায় খালিশপুর পিপলস গোল চত্বরে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি, খালিশপুর থানা শাখার উদ্যোগে মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। মানববন্ধনে সভাপতিত্ব করেন পার্টির মহানগর সম্পাদকমণ্ডলীর সদস্য ও প্লাটিনাম সিবিএ-এর সাবেক সাধারণ সম্পাদক কমরেড মোঃ খলিলুর রহমান এবং পরিচালনা করেন পার্টির মহানগর নেতা ও খালিশপুর থানা পার্টির নেতা কমরেড হাফিজুর রহমান। মানববন্ধনে বক্তৃতা করেন-ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় কমিটির সদস্য ও খুলনা জেলা কমিটির সভাপতি কমরেড এড. মিনা মিজানুর রহমান, পার্টির কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড দীপংকর সাহা দিপু, খুলনা মহানগর কমিটির সভাপতি কমরেড শেখ মফিদুল ইসলাম, সাধারণ সম্পাদক কমরেড এস এম ফারুখ-উল-ইসলাম, জাতীয় শ্রমিক ফেডারেশনের কেন্দ্রীয় সহ-সভাপতি ও জেজেআই জুট মিলের সিবিএ-এর সাবেক সাধারণ সম্পাদক শ্রমিকনেতা হারুন-অর-রশীদ মল্লিক, জাতীয় শ্রমিক ফেডারেশনের খুলনা জেলা ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ও পার্টির জেলা সম্পাদকমণ্ডলীর সদস্য কমরেড দেলোয়ার উদ্দিন দিলু, পার্টির মহানগর সম্পাদকমণ্ডলীর সদস্য কমরেড আব্দুস সাত্তার মোল্লা, কমরেড নারায়ণ সাহা, মহানগর নেতা কমরেড মনির হোসেন, বাংলাদেশ ছাত্র মৈত্রীর কেন্দ্রীয় সাধারণ সম্পাদক ছাত্রনেতা কাজী মোতালেব হোসেন জুয়েল, শ্রমিকনেতা ওমর ফারুখ, খায়রুল বাশার, হান্নান খান, লাকী বেগম, সুফিয়া খাতুন, যুব মৈত্রীর জেলা নেতা অজয় দে, ছাত্র মৈত্রীর জেলা সাধারণ সম্পাদক কমলেশ মল্লিক, যুগ্ম আহ্বায়ক নাজমুল রাকিব উজ্জ্বল, ছাত্রনেতা নাজমুল হোসেন বাবু, আল আমিন গাজী, সাদ্দাম হোসেন প্রমুখ নেতৃবৃন্দ। মানববন্ধনে বজরা স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনাকে স্মরণ করে বলেন, ১৪ দলের ২৩ দফা দাবী বাস্তবায়নের কথা উল্লেখ করে রাষ্ট্রীয়ত্ব ২৫টি পাটকল কোনো ভাবেই পিপিপি, লীজ বা ব্যক্তিমালিকানায় দেয়া যাবে না। শ্রমিক-কর্মচারী ঐক্য পরিষদের প্রস্তাবনা অনুযায়ী মাত্র ১২শ' কোটি টাকা ব্যয়ে আধুনিকায়ন করে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করতে হবে। একই সাথে বর্তমান কর্মরত শ্রমিক-কর্মচারীদের বহাল রাখা এবং অবসরকালীন ও কর্মরত সকল শ্রমিক-কর্মচারীদের বকেয়া পাওনা সরকারের প্রতিশ্রুতি মোতাবেক পরিশোধ করে ১৪ দলের রাজনৈতিক অঙ্গীকার বাস্তবায়ন করার জোর আহ্বান জানান।

বার্তা প্রেরক

(এস এম ফারুখ-উল-ইসলাম)

সাধারণ সম্পাদক

খুলনা মহানগর কমিটি

০১৭১১ ৩৯৭ ৩১৮

E-mail : [workerspartykln.mofidul@gmail.com](mailto:workerspartykln.mofidul@gmail.com)